



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩২

১১ জুলাই ২০২৪

তারিখ: -----

২৭ আষাঢ় ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

কার্য-সম্পাদন জামানত (Performance Security) নগদায়ন প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ হতে ক্রয়াদেশ/কার্যাদেশ প্রাপ্তির ক্ষেত্রে ঠিকাদার প্রতিষ্ঠানের পক্ষে ব্যাংক কর্তৃক ইস্যুকৃত কার্য-সম্পাদন জামানত নগদায়নে বিভিন্ন ব্যাংক হতে অযাচিতভাবে কালক্ষেপণ ও অসহযোগিতা করা হচ্ছে। উল্লেখ্য, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ হতে ক্রয়াদেশ/কার্যাদেশ প্রাপ্তির ক্ষেত্রে কার্য-সম্পাদন জামানত একটি গুরুত্বপূর্ণ দলিল হিসেবে বিবেচিত হয়ে থাকে। উক্ত ক্রয়াদেশ/কার্যাদেশ সংঘিষ্ঠ চুক্তির অধীন কোন শর্ত পূরণে ঠিকাদার প্রতিষ্ঠানের ব্যর্থতার কারণে ক্রয়াদেশ/কার্যাদেশ প্রদানকারী ক্ষতিগ্রস্ত হলে তার লিখিত দাবীর প্রেক্ষিতে জামানত ইস্যুকারী ব্যাংক অবিলম্বে উক্ত জামানত নগদায়নপূর্বক ক্রয়াদেশ/কার্যাদেশ প্রদানকারীকে চুক্তিতে নির্ধারিত পরিমাণ অর্থ প্রদান করবে মর্মে জামানত দলিলে ব্যাংক কর্তৃক অপরিবর্তনীয় এবং নিঃশর্ত অঙ্গীকার করা হয়ে থাকে। ফলে, যথাসময়ে উক্ত জামানত নগদায়ন না করা হলে তা ভবিষ্যতে ঠিকাদার প্রতিষ্ঠানসমূহের ক্রয়াদেশ/কার্যাদেশ প্রাপ্তির ক্ষেত্রে বাঁধা সৃষ্টি করবে।

২। এতদ্ব্যৱস্থাপনার ক্ষেত্রে কার্য-সম্পাদন জামানত প্রদান করার ক্ষেত্রে due diligence অনুসরণ করা এবং প্রদানকৃত কার্য-সম্পাদন জামানত নগদায়নের ক্ষেত্রে চুক্তির শর্তাবলী ও সরকারি বিধি/বিধান যথাযথভাবে অনুসরণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২